

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-১৭৯০

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩০
০৪ ডিসেম্বর ২০২৩


প্রজ্ঞাপন

ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভার মেয়র জনাব এ বি এম আনিছুজ্জামান স্বৈচ্ছায় পদত্যাগ করায় সরকার তথা স্থানীয় সরকার বিভাগ কর্তৃক স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(গ) অনুযায়ী ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভার মেয়র এর পদ ২৮ নভেম্বর ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-১৭৬২নং প্রজ্ঞাপন মূলে শূন্য ঘোষণা করা হয়।

২। এমতাবস্থায়, ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভার নতুন মেয়রের কার্যভার গ্রহণ না করা পর্যন্ত স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৪০(৩) অনুযায়ী সর্বশেষ পুনর্গঠিত মেয়রের প্যানেল হতে প্যানেল মেয়র-১-কে উক্ত পৌরসভার প্রশাসনিক ও আর্থিক ক্ষমতাসহ মেয়র এর দায়িত্ব অর্পণ করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


০৪/১২/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২


ইমেইল: lgpaura1@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-১৭৯০/১(১০)

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩০
০৪ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. জেলা প্রশাসক, ময়মনসিংহ
৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. জনাব মানিক সাইফুল, প্যানেল মেয়র-১, ত্রিশাল পৌরসভা, ময়মনসিংহ
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১০. অফিস কপি


০৪/১২/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব